দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 17 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিলের আজ বৃত্তি প্রদান অনুষ্ঠান

আজ শুক্রবার বিকাল ৩টায় বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে 'বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিল'-এর পঞ্চম বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ বছর চিকিৎসা, প্রকৌশলী, কৃষিসহ উচ্চতর শ্রেণীতে বিজ্ঞানের বিবিধ শাখায় অধ্যয়নরত মোট ১০০ দরিদ্র ও মেধাবী ছাত্রকে বৃত্তি-প্রদান করা হচ্ছে।

জাতীয় অধ্যাপক ডাঃ নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য এই বৃত্তি প্রদান অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী প্রধান অতিথি এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিল-এর সভাপতি অজিত কুমার বড়ুয়া অনুষ্ঠানে সংস্থার কার্যক্রম সম্পর্কে বক্তব্য প্রদান করবেন।

দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে নির্বাচিত বৃত্তি প্রার্থী শিক্ষার্থীদের তাদের নামে প্রেরিত চিঠিসহ আজ বিকাল ৩টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমীতে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে।